দৈনিক বাংলা

তারিখ ... 06 AUG 1989
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 4

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেণ্টেশন কেন্দ্র

৬৫

# উচ্চশিক্ষাকে দেশের চাহিদা উপযোগী করতে হবেঃ এরশাদ

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ দেশ ও সমাজের উপযোগী উচচ শিক্ষার চাহিদা পূরণে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন।

বাসস জানায়, গতকাল আন্তর্জাতিক সম্মেলনকক্ষের কমিটি কক্ষে ভাইস চ্যান্সেলরদের নিয়মিত মাসিক বৈঠক উদ্বোধনীকালে তিনি এ মন্তব্য করেন। প্রেসিডেন্ট বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর।

প্রেসিডেন্ট বলেন, সরকার উচচ

(১৩-এর পৃঃ দ্রঃ)

## এরশাদ

(১-এর পৃঃ পর)

শিক্ষার মানোন্নয়নে বদ্ধপরিকর। সরকারী নীতির সংগে সংগতি রেখে তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ লক্ষ্য অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলেন।

এর আগে ভাইস চ্যান্সেলরদের বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি এ বৈঠকে পর্যালোচনা করা হয়।

বৈঠকে জানানো হয়, জাতীয় অধ্যাপক নূরুল ইসলামকে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে। এই কমিটি মেডিক্যাল কলেজসমূহের শিক্ষা ও পাঠক্রম সময়োপযোগী করার ব্যবস্থা গ্রহণের সুপারিশ জানাবে।

বৈঠকে আরো জানানো হয়, কৃষি শিক্ষাকে দেশের চাহিদার সংগে সংগতিপূর্ণ করার লক্ষে কৃষি বিশ্ববিদ্যালয়ের পাঠক্রম কোর্স সময়োপযোগী এবং পর্যালোচনা করার জন্য সাবেক মন্ত্রী মাহবুবুজ্জামানকে আহবায়ক করে আরেকটি কমিটি গঠন করা হয়েছে।

বিভিন্ন পরীক্ষায় অসদুপায় অবলম্বন বন্ধ করার উদ্দেশ্যে সরকার গৃহীত ব্যবস্থাদির প্রশংসা এ বৈঠকে করা হয়।

এ বৈঠকে শিক্ষা মন্ত্রণালয়কে তাদের প্রচেষ্টা অব্যাহত রাখতে বলা হয়।

বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয়, ডিগ্রী পরীক্ষাসমূহে অসদুপায় অবলম্বন বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থাদিও নেয়া হবে। জেলা সদর দফতর পর্যন্ত পরীক্ষা কেন্দ্র সমূহ সীমিত রাখার লক্ষ্যে পর্যায়ক্রমে পরীক্ষাকেন্দ্রের সংখ্যাও কমিয়ে আনা হবে।

এই বৈঠকে আরো সিদ্ধান্ত নেয়া হয়, যেসব স্থানে এইচএসসি কেন্দ্র নেই সেসব স্থানে ডিগ্রী পরীক্ষা কেন্দ্র খোলার অনুমতি দেয়া হবে না। দেশের সব বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরগণ ছাড়াও এ বৈঠকে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, শিক্ষা প্রতিমন্ত্রী শ্রী নিতাই রায় চৌধুরী, জাতীয় অধ্যাপক ও বিশ্ববিদ্যাল মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান সৈয়দ আলী আহসান, প্রেসিডেন্টের মুখ্য সচিব এ এইচ সাদিক এবং শিক্ষা সচিব হেদায়েত আহমদ উপস্থিত ছিলেন।